**ASUTOSH COLLEGE**
**(Estd. 1916)**
**92, S.P. Mukherjee Road**
**Kolkata – 700026**

**Phone: 2455-4504/ 2486-3912**
**Fax : (033) 2486-3006**
**Mail : mail @asutoshcollege.in**
**Web : www.asutoshcollege.in**

Date: 09/01/2022

# NOTICE

## AECC1 Examination, Semester –I

It is hereby notified to all students of B.A./ B.Sc. (Hons./ Major/ General) of AECC1(Bengali), and all students of B.B.A. , B.Voc. to refer to the following syllabus and study materials for their AECC1 (Bengali), semester –I Examination.

ASUTOSH COLLEGE
(Estd. 1916)
92, S.P. Mukherjee Road
Kolkata – 700026

Phone: 2455-4504/ 2486-3912
Fax : (033) 2486-3006
Mail : mail @asutoshcollege.in
Web : www.asutoshcollege.in



## BNG-AECC-1-1-TH

## AECC-1 [MIL (Bengali)] - ২ ক্রেডিট

- স্নাতক কলা, বাণিজ্য, বিজ্ঞান বিভাগের যে-সমস্ত পড়ুয়া AECC-1 স্তরে MIL হিসেবে বাংলা বিকল্পটি গ্রহণ করবে তাদের জন্য প্রথম সেমেস্টারে ২ ক্রেডিটের এই কোর্সটি পাঠ্য।
- সেমেস্টারে মোট পনেরো সপ্তাহ ক্লাস হবে ধরে নিয়ে Class Hours / Teaching Hours -এর হিসেব দেওয়া হয়েছে।
- এই কোর্সটি ১০০ নম্বরের। এর মধ্যে ১০ নম্বর সংশ্লিষ্ট ক্লাসে পড়ুয়ার উপস্থিতির জন্য এবং ১০ নম্বর কোর্সভিত্তিক আভ্যন্তর মূল্যায়নের জন্য বরাদ্দ থাকবে।
- অবশিষ্ট ৮০ নম্বরের জন্য বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তর পরীক্ষা নেবে। ৪টি মডিউল থেকে ১০টি করে ২ নম্বরের মোট ৪০টি MCQ ধর্মী প্রশ্ন হবে।

মডিউল - ১ঃ প্রবন্ধ (কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত ভাষাপাঠ সঞ্চয়ন - এ সংকলিত)

| | Class Hours |
|---|---|
| পাঠ্য প্রবন্ধ ঃ স্বদেশী সমাজ - রবীন্দ্রনাথ ঠাকুর<br>বাঙ্গালা ভাষা -স্বামী বিবেকানন্দ<br>স্ত্রী জাতির অবনতি - বেগম রোকেয়া<br>অপবিজ্ঞান - রাজশেখর বসু | ৯ |

মডিউল- ২ ছোটগল্প (কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত ভাষাপাঠ সঞ্চয়ন - এ সংকলিত)

| | |
|---|---|
| পাঠ্যগল্প ঃ রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত পোস্টমাস্টার, ছুটি, জীবিত ও মৃত এবং বলাই | ৯ |

মডিউল- ৩ কবিতা (কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত ভাষাপাঠ সঞ্চয়ন - এ সংকলিত)

| | |
|---|---|
| নৈবেদ্য - রবীন্দ্রনাথ ঠাকুর<br>পাঠ্য ঃ<br>বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয় (৩০), শতাব্দীর সূর্য আজি রক্ত মেঘ - মাঝে (৬৪),<br>স্বার্থের সমাপ্তি অপঘাতে (৬৫), তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে(৭০), চিত্ত যেথা ভয় শূন্য উচ্চ যেথা শির (৭২), শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন (৯২) | ৬ |

মডিউল- ৪ পরিভাষা

| | |
|---|---|
| কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত ভাষাপাঠ সঞ্চয়ন - এ নির্ধারিত ২৫০ টি পরিভাষা | ৬ |

Scanned with CamScanner

## স্ত্রী জাতির অবনতি

১। স্ত্রীশিক্ষার বিপক্ষে কি কুসংস্কার আছে?
২। মেয়েদের 'অমূল্য রত্ন' বলা হয়েছে কেন?
৩। স্ত্রী শিক্ষা প্রসারে স্ত্রী জাতির কর্তব্য কী?
৪। আমাদের সমাজে স্ত্রী জাতির অবস্থা কেমন?
৫। নারী পুরুষের প্রভুত্ব স্বীকার করে কেন?
৬। নারী কেমন সঙ্গী হতে পারে?
৭। 'উহারা কেবল পতিত পাবন' — এ কি সত্য?
৮। কী করলে নারীর মর্যাদা উদ্ধার করা যাবে?
৯। স্ত্রী জাতির উন্নতি সম্পর্কে আর্যাবর্তের উদাহরণ কেমন?
১০। 'অর্ধাঙ্গ দানের দাবি' বলতে কী বোঝানো হয়েছে?

~~বাংলার ভাষা~~

## বাংলার ভাষা

১। বিহার ও আর্যাবর্তের সাথে সম্পর্ক কি?
২ চলিত ভাষার জোর কতখানি?
৩। 'ভাষা প্রকৃতির পরিবর্তন হয়' — কেন?
৪। লোকহিতৈষী কর্মীর কর্তব্য কী?
৫। সাহিত্যিক ভাষা ও অসাহিত্যিক ভাষা কী?
৬। ভাষাকে কীভাবে 'সাধু ইংরেজি' বলা যায়?
৭। লেখক চলিত ভাষার কী কী বৈশিষ্ট্যের কথা বলেছেন?

৮। চলিত ভাষা কী বৈশিষ্ট্যের অধিকারী?

৯। আমাদের ভাষা অস্বাভাবিক হয়ে যাচ্ছে কেন?

১০। বুদ্ধ, চৈতন্য ও রামকৃষ্ণ কোন দৃষ্টান্ত স্থাপন করে গেছেন?

AECC বাংলা

স্বদেশী সমাজ

রবীন্দ্রনাথ ঠাকুর

১. 'স্বদেশী সমাজ' প্রবন্ধের মূল কথা-
দেশবাসীকে সাবলম্বী ও আত্মনির্ভরশীল করা।
২. এই প্রবন্ধে 'কল' বলতে কী বোঝানো হয়েছে?
আধুনিক যন্ত্রপাতি।
৩. রবীন্দ্রনাথের মতে রাজা ও রাজ্যের মধ্যে বড়ো-
রাজা অপেক্ষা রাজ্য বড়ো।
৪. রবীন্দ্রনাথের মতে বাংলাদেশ দুর্বল হবে কারণ-
বাংলাকে দ্বিখণ্ডিত করা হবে।
৫. স্বদেশী সমাজ গড়ে তুলতে আমাদের চাই-
সমাজপতি।
৬. 'মেলা' শব্দের অর্থ কী-
মিলন।
৭. রবীন্দ্রনাথের মতে দেশের দুর্বলতার কারণ-
হিন্দু-মুসলিম সাম্প্রদায়িক বিরোধ।
৮. মিকাডো কোন দেশে অবস্থিত?
জাপান।
৯. জাপানের মিকাডো কী-
জাপানের রাজশক্তি।
১০. রবীন্দ্রানাথ সভার থে মেলাকে কেন গুরুত্ব দিয়েছেন?
মেলাতে মনের সংকীর্ণতা থাকে না।

অপবিজ্ঞান

রাজশেখর বসু

১. ইবনাইট কী প্রকৃতির?
অস্বচ্ছ প্রকৃতির।
২. অপবিজ্ঞান কী জাতীয় প্রবন্ধ?
বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ।
৩. গাটাপার্চা কী?
বৃক্ষ বিশেষের নির্যাস।
৪. ফসফরাস কী?
বায়ুর স্পর্শে দীপ্তিমান রাসায়নিক।
৫. বার্ণিশ কী?
এক প্রকার রাসায়নিক রং।
৬. আলপাকা শাড়ি কী?
কৃত্রিম রেশ্মি কাপড়।
৭. অপধর্ম কীভাবে সৃষ্টি হয়?
ধর্মের অপব্যাখ্যা দ্বারা।
৮. বিজ্ঞান চর্চার সুফল কী?
অন্ধসংস্কার থেকে মুক্তি।
৯. উত্তর দিকে মাথা করে শুতে নেই কেন?
মানদেহ চুম্বকধর্মী বলে।
১০. ‘টিন’ শব্দের অর্থ কী?
রাং।

# ***AECC- ১***
## ***(বাংলা)***
## ***<u>চিত্ত যেথা ভয় শূণ্য উচ্চ যেথা শির</u>***

**১) 'চিত্ত যেথা ভয়শূণ্য' - কবিতাটিতে কবি কোন দেশের কথা বলেছেন?**
উ: ভারতবর্ষ।

**২) 'দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়' - 'দিশে দিশে' বলতে কী বোঝায়?**
উ: নানান দিক এর কথা বলা হয়েছে।

**৩) 'বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি' - 'বসুধা' কথার অর্থ কি?**
উ: পৃথিবী।

**৪) 'চিত্ত যেথা ভয় শূণ্য' - 'চিত্ত' শব্দের অর্থ কি?**
উ: মন।

**৫) 'পৌরষেরে করে নি শতধা' - 'শতধা' শব্দের অর্থ কি?**
উ: শতখন্ড।

## ***<u>শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন</u>***

**১) 'মারী' শব্দের অর্থ কি?**
উ:মড়ক।

**২) 'শান্তিময় পল্লী যত করে ছারখার' - 'ছারখার' শব্দের অর্থ কী?**
উ: ছিন্নভিন্ন।

**৩) 'পশিত আত্মীয় রূপে' - 'পশিত' শব্দের অর্থ কি?**
উ: প্রবেশ করা।

**৪) নৈবেদ্য কাব্যগ্রন্থের অন্তর্গত "শক্তিদম্ভ স্বার্থলোভ" - কত সালে প্রকাশিত হয়?**
উ :১৩০৮।

**৫) "স্বার্থের সমর" - এখানে - 'সমর' শব্দের একটি প্রতিশব্দ লেখ?**
উ: যুদ্ধ।

(মডেল প্রশ্নোত্তর)

মডিউল-৩:

নৈবেদ্য - রবীন্দ্রনাথ ঠাকুর

★ বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয় —

প্র: এটি 'নৈবেদ্য' কাব্যের কত সংখ্যক কবিতা?

উ: ৩০।

প্র: অসংখ্য বন্ধন-মাঝে কবি কী লাভ করতে চেয়েছেন?

উ: মুক্তির স্বাদ।

প্র: বসুধার পাত্রখানি কী দিয়ে তৈরি?

উ: মৃত্তিকা।

প্র: কবি সংসারকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

উ: প্রদীপের সঙ্গে।

প্র: কবির মোহ কীভাবে জ্বলে উঠবে?

উ: মুক্তিরূপে।

★ শতাব্দীর সূর্য আজি রক্তমেঘ-মাঝে —

প্র: এটি নৈবেদ্য' কাব্যের কত সংখ্যক কবিতা?

উ: ৬৪।

প্র: হিংসার উৎসবে অস্ত্রে অস্ত্রে কী বাজছে?

উ: মরণের ভয়ংকরী উন্মাদ রাগিনী।

প্র: কবি দয়াহীন সভ্যতাকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

উ: নাগিনীর সঙ্গে।

প্র: ভদ্রবেশী বর্বরতা কোথা থেকে জেগে উঠেছে?

উ: পঙ্কশয্যা থেকে।

প্র: কীভাবে সংঘাত বেধেছে?

উ: স্বার্থে স্বার্থে।

প্র: ভীতি জাগিয়ে কারা চীৎকার করছে?

উ: কবিদল।

Scanned with CamScanner

## BNG-AECC-1-1 (AECC BENGALI)

## মডিউল- ৩ (কবিতা)

## মডেল প্রশ্নোত্তর

■ **‘স্বার্থের সমাপ্তি অপঘাতে’**

১। ‘স্বার্থের সমাপ্তি অপঘাতে’ কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

উ:- ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থ (১৯০০ খ্রিস্টাব্দ)।

২। ‘স্বার্থের সমাপ্তি অপঘাতে’ কবিতাটি ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

উ:- ৬৫ সংখ্যক কবিতা।

৩। স্বার্থ কীভাবে সমাপ্ত হয় বলে কবি মনে করেছেন?

উ:- অপঘাতে।

৪। দীর্ঘকাল ধরে নিখিলের কোন বিরাট বিধানের কথা কবি এই কবিতায় বলেছেন?

উ:- ‘একের স্পর্ধাকে কভু নাহি দেয় স্থান’ বা কখনো কারোর একক স্পর্ধাকে এই বিশ্বপ্রকৃতি স্থান দেয় না।

৫। মানুষের স্বার্থ কীভাবে চূর্ণ-বিচূর্ণ হয়?

উ:- এই জগত-সংসারে মানুষের পরিপূর্ণ সমৃদ্ধির মধ্যে তার একক স্বার্থ যখন বৃহৎ হয়ে ওঠে তখন এই বিশ্বপ্রকৃতিরই কোনো দারুণ আঘাতে সেই ক্ষুদ্র-সংকীর্ণ স্বার্থ চূর্ণ-

বিচূর্ণ হয়ে গিয়ে মানুষের জীবনকে কাল-ঝঞ্ঝা সংক্ষুব্ধ দুর্যোগের অন্ধকারে নিমজ্জিত করে।

৬। মানুষের স্বার্থ বেড়ে ওঠার সঙ্গে সঙ্গে আর কী বেড়ে ওঠার কথা বলা হয়েছে এই কবিতায়?

উ:- মানুষের 'লোভ-ক্ষুধানল'।

৭। মানুষের 'বীভৎস আহার' যখন 'বীভৎস ক্ষুধা'-কে নির্দয় নির্লজ্জ করে তোলে,তখন তার পরিণাম কী হয়?

উ:- সেই ক্ষেত্রে মানুষের জীবনে ও মানব সভ্যতার উপরে গর্জন করে নেমে আসে বিশ্ববিধাতার 'রুদ্র বাজ' বা নিদারুণ ধ্বংসের অভিশাপ।

৮। অন্ধ 'জাতিপ্রেম'-এর পরিণতি কী বলে মনে করেছেন কবি?

উ:- কবির অন্তর্দৃষ্টিতে এই পরম সত্য প্রতিভাত হয়েছে যে স্বার্থ-জর্জরিত অন্ধ 'জাতিপ্রেম' বা জাতীয়তাবাদী ভাবনা অন্তিমে 'গুপ্ত পর্বত'-রূপী অদৃশ্য মৃত্যুর দিকেই অগ্রসর হয়।

৯। 'স্বার্থের সমাপ্তি অপঘাতে' কবিতাটি কী ধরনের কবিতা?

উ:- চতুর্দশপদী কবিতা বা সনেট।

১০। 'স্বার্থের সমাপ্তি অপঘাতে' কবিতায় কতগুলি স্তবক রয়েছে?

উ:- এই কবিতায় মোট তিনটি স্তবক রয়েছে।প্রথম স্তবকে ছয়টি, দ্বিতীয় স্তবকে ছয়টি ও তৃতীয় স্তবকে দুইটি চরণ বা লাইন রয়েছে।

■ **‘তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে’**

১।  ‘তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে’ কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?

উ:-  ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থ (১৯০০ খ্রিস্টাব্দ)।

২।  ‘তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে’ কবিতাটি ‘নৈবেদ্য’ কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?

উ:-  ৭০ সংখ্যক কবিতা।

৩।  ‘তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে’ কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

উ:-  ‘নবপর্যায় বঙ্গদর্শন’ পত্রিকার প্রথম সংখ্যায়।

৪।  প্রত্যেকের হাতে ন্যায়ের দণ্ড, প্রত্যেকের উপর শাসনভার কে অর্পণ করেছেন বলে কবি মনে করেছেন?

উ:-  ‘রাজাধিরাজ’ বা বিশ্ববিধাতা পরম ঈশ্বর।

৫।  ‘ন্যায়ের দণ্ড’ ও ‘শাসনভার’ বলতে কী বোঝানো হয়েছে?

উ:-  মানবসমাজ পরিচালনার জন্য বিধাতার সুসঙ্গত ন্যায়বিচার ও সুশাসনকে বোঝানো হয়েছে।

৬।  কবি  বিধাতার নিকট কোন সময়ে নিষ্ঠুর হয়ে উঠতে পারার প্রার্থনা করেছেন?

উ:-  বিধাতার আদেশে ন্যায় বিচারের ক্ষেত্রে, সুসঙ্গত সুশাসনের ক্ষেত্রে যখন অপরাধীকে ক্ষমা করা ‘ক্ষীণ দুর্বলতা’-য় বা নিজের হীনতা, অক্ষমতা ও ব্যর্থতায়

পর্যবসিত হয়ে ওঠে, সেই সময়গুলোতে কবি যেন দুর্বল না হয়ে নিষ্ঠুর হতে পারেন বিধাতার নিকট তিনি সেই প্রার্থনাই করেছেন।

৭। কবি বিধাতার নিকট ন্যায় বিচারের জন্য নিষ্ঠুর হওয়ার পাশাপাশি আর কোন সৎ গুণ প্রার্থনা করেছেন?

উ:- কবি বিধাতার নিকট ন্যায় বিচারের জন্য নিষ্ঠুর হওয়ার সঙ্গে সঙ্গে বিধাতার ইঙ্গিতে সর্বদা ক্ষুরধার খড়্গের ন্যায় সত্য বাক্য বলতে পারার অর্থাৎ নির্ভীক সত্যবাদী হয়ে ওঠার আশীর্বাদ প্রার্থনা করেছেন।

৮। ন্যায় বিচার ও সুশাসনের ক্ষেত্রে 'রাজাধিরাজে'র নিকট কবির শেষ প্রার্থনা কী ছিল?

উ:- কবি 'রাজাধিরাজ' বিধাতার নিকট সব শেষে এই প্রার্থনা করেছেন যে, এই জগতে যে ব্যক্তি নির্দ্বিধায় অন্যায় করে এবং যে ব্যক্তি সেই অন্যায়কে বিনা প্রতিবাদে,বিনা বাধায় সহ্য করে, তারা উভয়েই যেন বিধাতা-পুরুষের ঘৃণায় ও ক্রোধে তৃণের ন্যায় দগ্ধ হয় বা শাস্তি পায়।

৯। "অন্যায় যে করে, আর, অন্যায় যে সহে / তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।"— এখানে 'তব' বলতে কার কথা বলেছেন কবি?

উ:- এখানে 'রাজাধিরাজ' বা পরম শক্তিশালী বিধাতা-পুরুষের কথা বলেছেন কবি।

১০। 'তোমার ন্যায়ের দণ্ড প্রত্যেকের করে' কবিতাটি কী ধরনের কবিতা?

উ:- এই কবিতাটি সনেটধর্মী কবিতা।

AECC - 1 [MIL (Bengali)]

অতিথি ও ছোটগল্প

## বলাই

১) কোনজনের মধ্যে নানা জীবজন্তুর প্রচ্ছন্ন পরিচয় পাওয়া যায়?
   উত্তর: মানুষ

২) বলাই সম্পর্কে কে হয়?
   উত্তর: ভাইপো

৩) আকাশের কোন রূপে কথন?
   উত্তর: অনেক ভেবে

৪) বেঙ্গমা-বেঙ্গমী কোন গাছের কোটরে বাসা বেঁধে থাকে?
   উত্তর: অতি পুরাতন বট

৫) পাহাড়ের নিচের দিকে কাঁচা সোনার রঙের রোদ্দুর কোথায় এসে পড়ে?
   উত্তর: দেবদারুবনে

৬) বলাইয়ের বয়সি ছেলেগুলো গাছে ঢিল ছুঁড়ে কী পাড়ে?
   উত্তর: আমলকি

৭) কে ঘাস কাটতে আসে?
   উত্তর: ঘাসিয়াড়া

৮) কাকার মতে সবচেয়ে জীবের অগ্রগামী কে?
   উত্তর: গাছ

৯) বাগানের খোয়া-দেওয়া রাস্তার মাঝখানে কোন গাছের চারা উঠেছিল?
   উত্তর: শিমুল

১০) বলাইয়ের বাবা ওকে লেখাপড়ার জন্য প্রথমে কোথায় নিয়ে গেছিলেন?
   উত্তর: ~~সিমলা~~ সিমলায়

# BNG-AECC-1-1(AECC BENGALI)

## মডিউল- ২( ছোটগল্প)

## মডেল প্রশ্নোত্তর

■ **‘পোস্টমাস্টার’**

১। ‘পোস্টমাস্টার’ গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থের অন্তর্গত?

উ:- ‘গল্পগুচ্ছ’ নামক গল্প সংকলন।

২। ‘পোস্টমাস্টার’ গল্পটি কবে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

উ:- ১২৯৮ বঙ্গাব্দে ‘হিতবাদী’ পত্রিকায় গল্পটি প্রথম প্রকাশিত হয়।

৩। ‘পোস্টমাস্টার’ গল্পটি রবীন্দ্রনাথ কোথায় অবস্থানকালে রচনা করেছিলেন?

উ:- পূর্ববঙ্গের শাজাদপুরে।

৪। ‘পোস্টমাস্টার’ গল্পটিতে যে গ্রামের কথা আছে,তার নাম কী?

উ:- উলাপুর।

৫। উলাপুর গ্রামে নতুন পোস্ট-অফিস কে স্থাপন করিয়েছিল?

উ:- গ্রামে অবস্থিত নীলকুঠির সাহেব।

৬। পোস্টমাস্টারের নিজের বাড়ি কোথায় ছিল?

উ:- কলকাতা।

৭। পোস্টমাস্টারের কাজকর্ম করে দিত যে মেয়েটি, তার নাম কী?

উ:- রতন।

৮। রতনের বয়স কত ছিল?

উ:- বারো-তেরো বছর।

৯। পোস্টমাস্টারের কলকাতার বাড়িতে কারা ছিলেন?

উ:- পোস্টমাস্টারের মা, দিদি ও ছোটভাই।

১০। 'পোস্টমাস্টার' গল্পে কোন মাসের বর্ণনা রয়েছে?

উ:- শ্রাবণ মাস।

১১। পোস্টমাস্টারকে রতন কী বলে সম্বোধন করতো?

উ:– দাদাবাবু।

১২। "সে কী করে হবে।"— কথাটি কে কাকে বলেছিল?

উ:- পোস্টমাস্টার বলেছিল রতনকে।

১৩। "না না, তোমার কাউকে কিছু বলতে হবে না, আমি থাকতে চাই নে।"— কথাটি কে কাকে বলেছিল?

উ:- রতন বলেছিল পোস্টমাস্টারকে।

১৪। "জীবনে এমন কত বিচ্ছেদ, কত মৃত্যু আছে, ফিরিয়া ফল কী। পৃথিবীতে কে কাহার।"— 'পোস্টমাস্টার' গল্পে এই তত্ত্ব কার মনে এসেছিল?

উ:- গল্পের শেষে নদীপথে কলকাতায় ফেরার সময় পোস্টমাস্টারের মনে এই তত্ত্ব-ভাবনা এসেছিল।

১৫। “হায় বুদ্ধিহীন মানবহৃদয়।”— ‘পোস্টমাস্টার’ গল্পের শেষে কার প্রসঙ্গে রবীন্দ্রনাথ এই কথা বলেছিলেন?

উ:- রতনের প্রসঙ্গে।

- **<u>‘ছুটি’</u>**

১। ‘ছুটি’ গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত?

উ:- ‘গল্পগুচ্ছ’ নামক গল্প সংকলন।

২। ‘ছুটি’ গল্পটি কবে কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

উ:- ১২৯৯ বঙ্গাব্দের পৌষ মাসের ‘সাধনা’ পত্রিকায় ‘ছুটি’ গল্পটি প্রথম প্রকাশিত হয়েছিল।

৩। ‘ছুটি’ গল্পের কেন্দ্রীয় চরিত্র কে?

উ:- ফটিক চক্রবর্তী।

৪। ফটিকের কনিষ্ঠ বা ছোট ভাইয়ের নাম কী?

উ:- মাখনলাল চক্রবর্তী বা মাখন।

৫। “ফটিকদাদা, মা ডাকছে।“— বক্তা কে?

উ:- বাঘা বাগদি।

৬। ফটিকের মামার নাম কী?

উ:- বিশ্বম্ভরবাবু।

৭। ফটিকের বয়স কত ছিল?

উ:- তেরো-চৌদ্দ বছর।

৮। "স্কুলে এতবড়ো নির্বোধ এবং অমনোযোগী বালক আর ছিল না।"— কার কথা বলা হয়েছে?

উ:- ফটিক।

৯। "বেশ করেছ, আমি তোমাকে মাসের মধ্যে পাঁচবার করে বই কিনে দিতে পারি নে।"— কে কাকে এই কথা বলেছিল?

উ:- ফটিকের মামী এই কথাগুলি ফটিককে বলেছিল।

১০। "মামীর স্নেহহীন চক্ষে সে যে একটা দুর্গ্রহের মতো প্রতিভাত হইতেছে...।"— কার কথা বলা হয়েছে?

উ:- ফটিকের কথা বলা হয়েছে।

১১। "কেন বাপু, পরের ছেলেকে নিয়ে কেন এ কর্মভোগ? দাও ওকে বাড়ি পাঠিয়ে দাও।"— কথাগুলি কে কাকে বলেছিল?

উ:- ফটিকের মামী এই কথাগুলি ফটিকের মামা বিশ্বম্ভরবাবুকে বলেছিল।

১২। শ্রাবণ মাসের সন্ধ্যায় নিরুদ্দেশ ফটিককে কারা মামার বাড়িতে ফেরত দিয়ে গিয়েছিল?

উ:- দুইজন পুলিসের লোক।

১৩। “মা, আমাকে মারিস্‌ নে, মা। সত্যি বলছি, আমি কোনো দোষ করি নি।”— কে কখন এই কথাগুলি বলেছে?

উ:- ভীষণ জ্বরের ঘোরে ফটিক এই কথাগুলি প্রলাপের মতো বিড় বিড় করে বলেছিল।

১৪। “এক বাঁও মেলে না। দো বাঁও মেলে—এ—এ—না।”— কথাগুলি কে কখন বলেছিল?

উ:- জ্বরের প্রাবল্যের কারণে একবারে শেষ অবস্থায় স্টীমারের খালাসিদের মতো সুর করে করে ফটিক এই কথাগুলি বলেছিল।

১৫। “মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।”— বক্তা কে?

উ:- ‘ছুটি’ গল্পের শেষে ফটিক এই কথাটি বলেছিল।

---

# *AECC- ১*
## *(বাংলা)*
## *চিত্ত যেথা ভয় শূণ্য উচ্চ যেথা শির*

**১) 'চিত্ত যেথা ভয়শূণ্য' - কবিতাটিতে কবি কোন দেশের কথা বলেছেন?**
উ: ভারতবর্ষ।

**২) 'দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়' - 'দিশে দিশে' বলতে কী বোঝায়?**
উ: নানান দিক এর কথা বলা হয়েছে।

**৩) 'বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি' - 'বসুধা' কথার অর্থ কি?**
উ: পৃথিবী।

**৪) 'চিত্ত যেথা ভয় শূণ্য' - 'চিত্ত' শব্দের অর্থ কি?**
উ: মন।

**৫) 'পৌরষেরে করে নি শতধা' - 'শতধা' শব্দের অর্থ কি?**
উ: শতখন্ড।

## *শক্তিদম্ভ স্বার্থলোভ মারীর মতন*

**১) 'মারী' শব্দের অর্থ কি?**
উ:মড়ক।

**২) 'শান্তিময় পল্লী যত করে ছারখার' - 'ছারখার' শব্দের অর্থ কী?**
উ: ছিন্নভিন্ন।

**৩) 'পশিত আত্মীয় রূপে' - 'পশিত' শব্দের অর্থ কি?**
উ: প্রবেশ করা।

**৪) নৈবেদ্য কাব্যগ্রন্থের অন্তর্গত "শক্তিদম্ভ স্বার্থলোভ" - কত সালে প্রকাশিত হয়?**
উ :১৩০৮।

**৫) "স্বার্থের সমর" - এখানে - 'সমর' শব্দের একটি প্রতিশব্দ লেখ?**
উ: যুদ্ধ।

AECC-1 [MIL(Bengali)]

## ইউনিট ২ ছোটগল্প

### জীবিত ও মৃত

১) 'জীবিত ও মৃত' গল্পে কটি পরিচ্ছেদ আছে?
উত্তর: পাঁচটি

২) শারদাশংকরবাবু কোথাকার জমিদার ছিলেন?
উত্তর: রানীহাট

৩) শারদাশংকরবাবুর বিধবা পুত্রবধূর নাম কী?
উত্তর: কাদম্বিনী

৪) কাদম্বিনীকে দাহ করতে নিয়ে কারা শ্মশানেই অপেক্ষা করে ছিল?
উত্তর: বিধু ও বনমালী

৫) কাদম্বিনীকে দাহ করতে বিধু ও বনমালীর সঙ্গে আর কে গিয়েছিল?
উত্তর: নিতাই ও গুরুচরণ

৬) কাদম্বিনীকে কেমন রাতে ~~[illegible]~~ শ্মশানে নিয়ে যাওয়া হয়েছিল?
উত্তর: শ্রাবণের রাত্রি

৭) কাদম্বিনীর সইয়ের নাম কী?
উত্তর: যোগমায়া

৮) যোগমায়ার বাড়ি কোথায়
উত্তর: নিশিন্দাপুর

৯) যোগমায়ার স্বামীর নাম কী?
উত্তর: শ্রীপতিচরণ

১০) শারদাশংকরবাবুর ছেলের নাম কী?
উত্তর: সতীশ

# পরিভাষা

Abeyance স্থগিতকরণ

Abstract সার, বিমূর্ত, বস্তুনিরপেক্ষ

Abstract Budget সংক্ষিপ্ত বাজেট, আয় ব্যয়ক

Accident-prone দুর্ঘটনাপ্রবণ

Accountant General মহাগাণনিক

Adaptation অভিযোজন, সাঙ্গীকরণ, গ্রহণ

Ad hoc committee তদর্থক সমিতি

Adjourned sine die অনির্দিষ্টকাল পর্যন্ত স্থগিত

Adjournment মুলতুবি

Administrative প্রশাসনিক

Ad valorem duty মূল্যানুসারী শুল্ক

Advocate General মহাধিবক্তা

Aesthetics নন্দনতত্ত্ব, সৌন্দর্যতত্ত্ব, কাব্যজিজ্ঞাসা

Agrarian ভৌম, কার্য, ভূমিজীবী, কৃষি-বিষয়ক

Agricultural census কৃষি-শুমারি, কৃষি-গণনা

Agricultural Co-operative Credit Society কৃষি-সমবায়-ঋণদান-সমিতি

Agronomy কৃষিবিদ্যা

Amendment সংশোধন

Amusement tax বিনোদন-কর, প্রমোদ কর

Anomalous ব্যত্যয়ী, অনিয়ত

Anti-corruption দুর্নীতি-নিরোধ

Appointing-Authority নিয়োগ-কর্তৃপক্ষ

Arbitration শালিসি, মধ্যস্থতা

Arboriculturist বৃক্ষপালনবিদ্

Archives লেখ্যাগার, মহাফেজখানা

Art Council চারুকলা পরিষদ্

Article অনুচ্ছেদ

Atomic Energy Commission পারমাণবিক শক্তি আয়োগ
Atticism এথেনীয় শিল্পরীতি, মার্জিত শৈলী
Audio-visual aid শ্রাব্য-দৃশ্য অবলম্বন
Auditor-General মহানিরীক্ষক
Autonomous স্বশাসিত
Back door policy দুর্নীতি, পশ্চাদ্দ্বার নীতি
Basic democracy বুনিয়াদি গণতন্ত্র
Basic pay মূল বেতন
Belles lettre রম্যরচনা
Benefit of doubt সন্দেহাবকাশ
Bidding নিলামডাক
Block Development Officer ব্লক উন্নয়ন আধিকারিক
Blood-transfusion রক্ত পরিসঞ্চালন
Board of trustees অছিপর্ষৎ
Bourgeois পরশ্রমজীবী, পরশ্রমভোগী
Brackish water নোনা জল
Broadcasting সম্প্রচারণ
Cacology অশুদ্ধ শব্দপ্রয়োগ, ত্রুটিপূর্ণ উচ্চারণ
Calligraphist হস্তলিপিবিশারদ
Capital expenditure মুখ্য ব্যয়
Catharsis বিশোধন, মোক্ষণ, উপশম
Chauvinism জাত্যভিমান, উগ্র-স্বাদেশিকতা
Caste জাত
Casual আকস্মিক, নৈমিত্তিক
Censor Board বিবাচন পর্ষৎ
Charge sheet অভিযোগপত্র
Chief Election Commissioner নির্বাচন মহাধ্যক্ষ
Chief Engineer মুখ্য বাস্তুকার, মুখ্য যন্ত্রবিদ
Cheif Secretary মুখ্য সচিব
Chief Whip মুখ্য সচেতক
Chorus সম্মেলক সঙ্গীত
Civil disobedience আইন অমান্য
Cliche ছাঁচে ঢালা শব্দ, বাহুল্য বাগ্‌রীতি, জরাজীর্ণ শব্দ

Coalition Government যৌথ সরকার, মিলিজুলি সরকার
Columnist স্তম্ভকার, সংবাদভাষ্যকার, কলমচি
Comptroller হিসাব-নিয়ামক
Confidential Assistant আপ্ত-সহায়ক
Connoisseur রসিক, সমঝদার, রসজ্ঞ
Connotation গূঢ়ার্থ, অন্তর্নিহিত অর্থ
Conservancy staff ময়লা-নিষ্কাশন কর্মিবৃন্দ
Contingent allowance উপনিমিত্ত ভাতা
Cut motion ছাঁটাই প্রস্তাব
Defamation মানহানি
Dehydration জলবিয়োজন
Demography জনতত্ত্ব
Demurrage বিলম্ব শুল্ক, বিলম্বজনিত খেসারত
Detenu রাজবন্দি
Director অধিকর্তা
Disbursing Officer ব্যয়ন আধিকারিক
Duet দ্বৈত-সঙ্গীত
Efficiency bar সামর্থ্যবাধ, যোগ্যতাগত বাধা
Elevator উত্তোলক
Embezzlement তহবিল তছরুপ
Essential Service অত্যাবশ্যক কৃত্যক
Fisheries Service মীনপোষ কৃত্যক
Forest Entomology বনকীটবিজ্ঞান
Free-lance Journalist বিলগ্ন-সাংবাদিক
Grant অনুদান, মঞ্জুরি
Grotesque অদ্ভুত, হাস্যোদ্দীপক
Habeas Corpus বন্দিপ্রদর্শন
Horticulture উদ্যানপালন
Human Rights মানবাধিকার
Hypothecated দায়বদ্ধ
Immigration অভিবাসন
Impasse অচলাবস্থা
Impulse প্রেরণা, আবেগ

Inevitable অবর্জনীয়, অনিবার্য
Industrial Tribunal শিল্পন্যায়পীঠ
Infrastructure পরিকাঠামো
Injunction আসেধাজ্ঞা, নিবারাজ্ঞা
Inscription plate উৎকীর্ণ ফলক
Interdepartmental আন্তর্বিভাগীয়
Interlingua আন্তর্জাতিক ভাষা
Jargon পেশাগত ভাষা, বৃত্তিগত ভাষা
Jurisdiction অধিকার ক্ষেত্র, একতিয়ার
Justice of the Peace ন্যায়পাল
Juvenile delinquency শিশু-অপরাধ
Know-how কৌশল, কৃৎকৌশল
Laissez faire অবাধ-নীতি, অবাধ বাণিজ্য
Letter of Guarantee প্রত্যাভূতিপত্র
Lexicon অভিধান
Lingua-franca মিশ্রভাষা
Linguistics ভাষাবিদ্যা
Malafide অসদ্‌বুদ্ধিকৃত
Maternity Leave প্রসূতি ছুটি, মাতৃত্বকালীন ছুটি
Memorandum স্মারকলিপি
Modus Operandi ক্রিয়াপদ্ধতি
Modus Vivendi সাময়িক চুক্তি
Monogram অভিজ্ঞান
Mysticism অতীন্দ্রিয়তা, অতীন্দ্রিয়বাদ
Mythology পুরাবৃত্ত
Narcissism আত্মরতি
Nation রাষ্ট্র, জাতি
Nihilism অবিশ্বাসবাদ
Nomads যাযাবর
Note of Dissent ভিন্ন মন্তব্য
Note Sheet মন্তব্যপত্র
Notification প্রজ্ঞাপন
Obscene language অশ্লীল ভাষা

Occidental পাশ্চাত্য, পাশ্চাত্য জগতের লোক

On a point of order বৈধতার প্রশ্নে

Ordinance অধ্যাদেশ

Osteology অস্থিবিজ্ঞান

Pagan বহুদেববাদী

Page make-up পৃষ্ঠাসজ্জা

Pantomime মূকাভিনয়

Paper under disposal বিবেচ্যপত্র

Paraphernalia আনুষঙ্গিকী

Pastoral poetry রাখালী কবিতা, গোষ্ঠীগীতি

Pedigree বংশবিবরণী, কুলুজী

Pensioner উত্তরবেতনভোগী, বৃত্তিভোগী

Pilot project অগ্রণী প্রকল্প

Plebiscite গণভোট

Posthumous মরণোত্তর

Power of Atorney মোক্তারনামা

Prima facie দৃশ্যত

Proletariat পরার্থশ্রমী, সর্বহারা, শ্রমজীবী

Prologue প্রস্তাবনা

Proper channel যথাযথ প্রণালী

Provident Fund ভবিষ্যনিধি

Proscenium রঙ্গমঞ্চের সম্মুখভাগ

Pseudonym ছদ্মনাম

Public Relations Officer জনসংযোগ আধিকারিক

Public Welfare জনকল্যাণ

Quack হাতুড়ে

Race জাতি, প্রবংশ, জাতিকুল

Rationalisation যুক্তিসংগত পুনর্গঠন

Realisation of Arrear Dues বকেয়া প্রাপ্য আদায়

Receptionist আপ্যায়ক/আপ্যায়িকা

Recommended and Forwarded সুপারিশ করে প্রেরিত হল

Recruiting Officer প্রবেশন আধিকারিক

Recurring Expenditure আবর্তক ব্যয়

Redundant অপ্রয়োজনীয়, অপিরিমিত, বাড়তি
Referendum গণভোট
Regionalism আঞ্চলিকতাবাদ
Relativism অপেক্ষবাদ
Remote control দূর-নিয়ন্ত্রণ
Requisitioned meeting তলবি সভা
Reserved Forest সংরক্ষিত বন
Reservoir জলাধার
Resurgence পুনরুত্থান ; পুনরুদয়, পুনরভ্যুদয়
Retrospective effect অতীত থেকে কার্যকর করা
Returning Officer নির্বাচন আধিকারিক
Revisionism শোধনবাদ, সংশোধনবাদ
Sabotage অন্তর্ঘাত
Saga বীরকাহিনী, বীরগাথা
Sanatorium স্বাস্থ্যনিবাস
Satellite town উপ-নগর
Schedule of expenditure খরচের তালিকা
Search-warrant তল্লাশি পরোয়ানা
Seasonal unemployment মরশুমি বেকারত্ব
Secularism লোকায়তিক, ধর্মনিরপেক্ষতা
Seismograph ভূকম্পলেখ
Select Committee প্রবর সমিতি
Service-book কৃত্যক-বই
Shibboleth বাগ্‌বৈশিষ্ট্য
Shipping Corporation পোতনিগম
Soil erosion Control ভূ-ক্ষয়-নিয়ন্ত্রণ
Solicitor General মহাব্যবহারদেশক
Solo একক সঙ্গীত
Sovereignty সার্বভৌমিকতা, সার্বভৌমত্ব
Sponsor পোষক
Stamp Duty মুদ্রাঙ্ক-শুল্ক
State of emergency জরুরি অবস্থা
Stream of consciousness চেতনাপ্রবাহ

Strong Room দুর্ভেদ প্রকোষ্ঠ
Subject to approval অনুমোদন সাপেক্ষ
Sublimity মহত্ত্ব
Succession Certificate উত্তরাধিকার পত্র
Sundry expenses বিবিধ ব্যয়, রকমারি খরচ
Suo motu স্বত
Surrealism অতিবাস্তবতা, পরাবাস্তবতা
Suspense accounts তোলা হিসাব
Symbolist প্রতীকবাদী
Symphony একতান, ধ্বনিসাম্য
Synonym সমার্থ শব্দ, প্রতিশব্দ
Synopsis সংক্ষিপ্তসার, চুম্বক
Syntax বাক্যপ্রকরণ, পদবিন্যাস
Synthesis সংশ্লেষ, সমন্বয়
Technique গঠন-কৌশল, আঙ্গিক
Terminology পরিভাষা, পারিভাষিক শব্দ
Terms of Reference বিচার্য বিষয়
Testimonial শংসাপত্র
Test-tube Baby নলজাত শিশু
Theism আস্তিকতা, আস্তিকতাবাদ
Theory of Evolution অভিব্যক্তিবাদ
Theory of Relativity আপেক্ষিকতাবাদ
Through proper channel যথাযথ প্রণালী- মাধ্যমে
Title page নাম-পত্র
Toll Collector পারানি-সংগ্রাহক
To whom it may concern সংশ্লিষ্টের প্রতি
Trading Corporation বাণিজ্য-নিগম
Tradition ঐতিহ্য
Transparency স্বচ্ছতা
Treasury Officer কোষাগার আধিকারিক
Trustee অছি, ন্যায়রক্ষক
Ultimatum চরম পত্র, চরম প্রস্তাব, চরম দাবি
Under consideration বিবেচ্য, বিবেচনাধীন

Under-garment অন্তরীয়, অন্তর্বাস
Urban Development Project নগর উন্নয়ন প্রকল্প
Utilitarianism উপযোগবাদ, হিতবাদ
Valency যোজ্যতা
Velocity বেগ
Vanguard অগ্রদূত
Verbiage বাগাড়ম্বর, শব্দবাহুল্য
Veterinary পশুচিকিৎসা
Viscera আন্তরশারীর যন্ত্র
Vocational বৃত্তীয়
Warehouse পণ্যাগার, গুদাম
Warmonger যুদ্ধবাজ
Waste land reclamation পতিত জমি উদ্ধার
Water proof জলরোধক
Weather-chart আবহচিত্র
Welfare centre কল্যাণ-কেন্দ্র
Wilful neglect of duty ইচ্ছাকৃত কর্ম-অবহেলা
Within one's hearing শ্রুতিগোচর হয় এমনভাবে
Without prejudice অপক্ষপাত, অনিষ্টবর্জিত
Working Capital চালু মূলধন
Working journalist বার্তাজীবী
Xenophobia বিদেশী-বিদ্বেষ, বিদেশী-বিরোধিতা
Youth Welfare Officer যুব-কল্যাণ আধিকারিক
Zoinist ইহুদিবাদী
Zonal Office আঞ্চলিক কার্যালয়